# লুইজিয়ানায় আকাশলীনার বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান দক্ষিণের জানালায় বাংলার মুখ



লুইজিয়ানা : বাংলা কালচারাল উৎসবে সমবেত সঙ্গীত। ছবি-ঠিকানা।



লুইজিয়ানা : বাংলা কালচারাল উৎসবে ড. মোস্তাফা সারোয়ার। ছবি-ঠিকানা।



লুইজিয়ানা : বাংলা কালচারাল উৎসবে সুধীর একাংশ। ছবি-ঠিকানা।

**লুইজিয়ানা :** লুইজিয়ানা স্টেট ইউনিভার্সিটির ইন্টারন্যাশনাল কালচারাল সেন্টারে উদযাপিত হলো আকাশলীনার বাৎসরিক বাংলা সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান। গত ৩০ অক্টোবরের এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ওয়াশিংটনে বাংলাদেশের রাষ্ট্রদূত আকরামুল কাদের। শুভেচ্ছা বক্তব্য রাখেন ইউনিভার্সিটি অব নিউ অরলিন্স-এর জিও ফিজিক্সের অধ্যাপক বিশিষ্ট কবি ও লেখক ডঃ মোস্তফা সারওয়ার এবং সাউদার্ন ইউনিভার্সিটি অব ব্যাটন রুজের ইংরেজী বিভাগের অধ্যাপক বিশিষ্ট লেখক ডঃ মুনীর মুজতবা আলী। অনুষ্ঠানে সমবেত হন লুইজিয়ানা, এলাবামা ও মিসিসিপি থেকে আগত বাংলা সাহিত্য ও সংস্কৃতি প্রেমী সকল বাংলাদেশী। “দক্ষিণের জানালায় বাংলার মুখ” শিরোনামে আকাশলীনা আয়োজিত নির্জলা এ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিণত হয় বাঙ্গালী ও বাংলাদেশী কবি, লেখক, শিল্পী ও বাংলা সংস্কৃতি-প্রেমীদের এক মিলন মেলায়।

অনুষ্ঠানে প্রবাসী লেখক ও কবিদের লেখা নিয়ে কামরুন জিনিয়ার সম্পাদনায় একটি স্যুভেনিয়র প্রকাশিত হয়। যাত্রা শুরু করে ‘আকাশলীনা’র নতুন ওয়েবসাইট। রাষ্ট্রদূত আকরামুল কাদের আকাশলীনার নতুন এ ওয়েবসাইটের শুভ উদ্বোধন করেন। এ ওয়েবসাইটে ‘আকাশলীনা’ সাহিত্য সংকলনে বিভিন্ন সময়ে এবং বছরে লেখা প্রবাসী কবি ও লেখকদের কবিতা, ছোটগল্প, প্রবন্ধ ও কলাম ইলেকট্রনিক্যালি সংরক্ষিত থাকবে। রাষ্ট্রদূত আকরামুল কাদের শত ব্যস্ততার মাঝেও লুইজিয়ানা বাংলাদেশীদের আমন্ত্রণে ছুটে আসেন এবং প্রবাসে বাংলা সাহিত্য ও সংস্কৃতি চর্চা বিকাশে প্রবাসী বাঙ্গালীদের ভূমিকা ও দায়িত্ব যে অনেক তাতে জোড়ালো বক্তব্য রাখেন। তিনি বলেন, একটি জাতির পরিচয় ফুটে ওঠে তার সংস্কৃতিতে, তাই প্রয়োজন প্রবাসে আমাদের বাংলা সাহিত্য ও সংস্কৃতির একটি সাংস্কৃতিক পরিমন্ডল গড়ে তোলা, বাঙ্গালী সংস্কৃতিকে সঞ্জীবিত রাখা। রাষ্ট্রদূত আকরামুল কাদেরকে লুইজিয়ানা, এলাবামা ও মিসিসিপি থেকে আসা সকল বাঙ্গালী ও বাংলাদেশীদের পক্ষ থেকে শ্রদ্ধা, ধন্যবাদ ও ভালোবাসা জানিয়ে প্রদান করা হয় সম্মানসূচক অ্যাওয়ার্ড।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থানীয় শিল্পী, কবি ও লেখকবৃন্দ ছাড়াও ফ্লোরিডা থেকে গান করতে আসেন সুমন সিরাজী এবং এলাবামা থেকে ব্যান্ড দল ‘অডিসি’। তাদের পরিবেশিত হৃদয়গ্রাহী বাংলা গান দর্শকদের ধরে রাখে মধ্যরাত পর্যন্ত। অনুষ্ঠানে স্বরচিত ‘কবিতা পাঠের আসরে’ অংশগ্রহন করেন কবি ডঃ আনসারী খান, আবদুল্লাহ নোমান, ডঃ সৈয়দ আবদুল মজিদ, ডঃ সাদেকা তামান্না, মন্দিরা সেনগুপ্ত, অর্নব ও কামরুন জিনিয়া। দেশাত্মবোধক গান, ছড়া, কবিতা ও পিয়ানো পরিবেশন করেন দ্বিতীয় প্রজন্মের হৃদিতা জামান, অর্নব, অয়ন, প্রিয়তি মাহজাবিন হক, আযমাইন ও সাদমান আলমগীর, অনূষা জামান ও নামিরা আফরীন পারভেজ। নাচে অংশ নেয় অদ্রিজা ও হৃদিতা জামান। পারভীন সুলতানার পরিচালনায় বিশেষ গীতিনাট্যে অংশ নেয় ফাতেমা চৌধুরী প্রজ্ঞা ও সুমাইতা চৌধুরী, যা দর্শকদের অভিভূত করে।স্থানীয় শিল্পীদের মধ্যে আরও গান করেন আনন্দী দত্ত, নিউ অরলিন্স থেকে প্রতিভাবান শিল্পী সুমাইতা চৌধুরী, মনরো লুইজিয়ানা থেকে ডঃ রেজাউল ইসলাম, মিসিসিপি থেকে ডঃ ইফতেখার উল্লাহ, ডঃ সাদেকা তামান্না, ডঃ আলমগীর হোসেন ও সালমা আলমগীর রেখা। মুক্তিযুদ্ধ নিয়ে নিজের লেখা একক নাটিকাতে অভিনয় করেন নাফিউল হক নাফি এবং হুমায়ূন আহমেদ-এর স্বপ্নবিলাস-এ একক অভিনয় করেন ডঃ শায়লা খান। অনুষ্ঠান উপস্থাপনার বিভিন্ন পর্যায়ে অংশগ্রহন করেন ডঃ শাবানা করিম, তুষার লিয়াকত, নুসরাত শারমিন ও কামরুন জিনিয়া। ছবি তুলেছেন ইমরান আকন্দ সজীব, ভিডিও রেকর্ডিং-এ সহায়তা করেছেন ডঃ ইফতেখার উল্লাহ, সাউন্ড সিস্টেমে আনিস ও অর্ক খান সার্বক্ষণিক সহযোগিতা করেন।

অনুষ্ঠানে ডঃ শামসুল হুদা ও জুলি হুদা, ডঃ মনিরুজ্জামান ও সুগন্ধা মনির, ডঃ পার্থ ও মলি ভট্টাচার্য, ডঃ জাফর ও পূরবী উল্লাহ, ডঃ পারভেজ করিম ও ডঃ শাবানা করিম, ডঃ সাঈদ, ডঃ বুশরা, ডঃ জয়নাল পারভেজ ও শান্তা পারভেজ, ডঃ শামীম সর্দার ও শিমুল সর্দার, ডঃ অনূপ ও মনীষা কুন্ড, ব্রিগেডিয়ার (অবঃ) আনোয়ার ও ডঃ রেবেকা, ক্যাপ্টেন ফরহাদ হোসেন ও শিউলী ফরহাদ, ক্যাপ্টেন জামাল ও রোজী জামাল, ডঃ খুরশিদ ও জেসমিন খুরশিদ, ডঃ শফিক রহমান, ডঃ মোজাম্মেল হক ও লাকী মোজাম্মেল, ডঃ হাসানুজ্জামান ও জাকিয়া পারভীন, ডঃ রবিউল হাসান, ডঃ আরিফ হাসান ও জিনাত হাসান দীনি, বিশিষ্ট ব্যবসায়ী হাকিম শহীদুজ্জামান ও ঝর্না জামান, আবদুল হাই, আলী, ডঃ বরুন ও মন্দিরা সেনগুপ্ত, ডঃ আনসারী খান ও বিশিষ্ট অভিনেত্রী ডঃ শায়লা খান, ডঃ সমীর চক্রবর্তী, ডঃ অসীম ভট্টাচার্য ও বানী ভট্টাচার্য, মালা মুখার্জী, ডঃ তপন সরকার ও টুকু সরকার, আলী কাদরী ও নূপুর কাদরী, ডঃ ফিরোজা, ডঃ রেজাউল ইসলাম ও মিসেস ইসলাম, ফারুক, সোহেল ও মিসেস সুমি, মিঃ ইকবাল ও গুলশান ইকবাল, আবদুল্লাহ নোমান, মনোয়ার ও টুম্পা মনোয়ার, আমজাদ হোসেন ও পারভীন সুলতানা সহ লুইজিয়ানা, মিসিসিপি ও এলাবামা অঙ্গরাজ্যের বহু গণ্যমাণ্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

প্রবাসে দ্বিতীয় প্রজন্মের সামনে বাংলা সাহিত্য ও সংস্কৃতিকে তুলে ধরতে ও নিরন্তর এর সৃজনশীল চর্চাকে গুরুত্ব দিয়ে আয়োজিত ‘দক্ষিণের জানালায় বাংলার মুখ’ অনুষ্ঠানটির সার্বিক ব্যাবস্থাপনায় ছিলেন ডঃ রিয়াজ ফেরদৌস শিবলী ও ‘আকাশলীনা’ সাহিত্য সংকলন-এর সম্পাদক কামরুন জিনিয়া।

## লংআইল্যান্ড সিটি ও জ্যাকসন হাইটসে ফ্লু ভ্যাকসিন দেয়া হয়

**নিউইয়র্ক :** নিউইয়র্কের এস্টোরিয়াতে অবস্থিত লংআইল্যান্ড সিটি কেমিস্ট ও এস্টোরিয়া ফার্মেসী এবং স্যাকসন হাইটসে অবস্থিত জ্যাকসন হাইটস ফার্মেসীতে ফ্লু ভ্যাকসিন সার্ভিস দেয়া হচ্ছে। ১৮ বছরের উপর বয়সীদের ফ্লু-শর্ট নেয়ার জন্য কোন প্রেসক্রিপশনের প্রয়োজন হবে না। ফ্লু ভ্যাকসিনের মূল্য ২৪.৯৯ ডলার। মেডিকেইড, মেডিকেয়ার, পার্ট-ডিসহ সব ধরনের ইন্স্যুরেন্স প্ল্যান গ্রহণ করা হয়। বাঙালি মালিকানাধীন ফার্মেসীগুলোর মধ্যে উপরোক্ত তিনটি ফার্মেসীই ফ্লু ভ্যাকসিন সার্ভিসের অনুমোদন পেয়েছে। যোগাযোগ : ৭১৮-৩৯২-৮০৪৯। প্রেস বিজ্ঞপ্তি।